মেহেরপুরে ১০ টাকায় ঈদের বাজার

ঈদ আনন্দ ঘরে ঘরে পৌঁছে দিতে ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে ‘মেহেরপুর ভাবনা’ নামের একটি সংগঠন। বাচ্চাদের জন্য মাত্র ৫ টাকায় পোশাক আর ১০ টাকার বিনিময়ে সুবিধা বঞ্চিত শিশুদের অভিভাবকরাও পাচ্ছেন ঈদের বাজার।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টারে সংগঠনটি এ আয়োজন করে।
বেশ কয়েক বছর যাবত মেহেরপুর ভাবনা নামের একটি সামাজিক সংগঠন সুবিধা বঞ্চিত শিশু ও তার পরিবারের মধ্যে স্বল্প টাকায় পোশাক ও খাবারের ব্যবস্থা করে থাকেন। এবারও এমনি ভাবে মাত্র ৫ টাকায় পোশাক ও ১০ টাকায় পরিবারের সদস্যরা খাবার পাচ্ছেন। খাবারের মধ্যে রয়েছে, চাল, আটা, ডাল, আলু, পিঁয়াজ, সেমাই, ময়দা, লবণ, চিনি ও দুধ। এতে ছিন্নমূল ওই পরিবারের লোকজনের মধ্যে বইছে আনন্দের জোয়ার।

সুবিধাভোগীরা জানান, তাদের পরিবারের এবার ঈদের কোন আনন্দ ছিল না। ছেলেদের পোশাক আর ঘরের খাবার কেনা টাকা নেই। এরই মাঝে মেহেরপুরের ভাবনা সংগঠনটি ঈদের আনন্দকে ভাগাভাগি করতে স্বল্প টাকায় পোশাক ও খাবারের ব্যবস্থা করেছেন।

মাত্র ৫ টাকায় পছন্দ মতো পোশাক পেয়ে আবেগ আপ্লুত হয়েছে বাচ্চারা। সেই সঙ্গে খুশি সুবিধা বঞ্চিত শিশুদের অভিভাবকরাও। ১৫০ শিশু ঈদে নতুন পোশাক মেহেরপুর ভাবনার কাছে থেকে ক্রয় করেছে। সেই সাথে এবার নতুন মাত্রা যোগ হয়েছে ১০ টাকার বিনিময়ে বাজার তার ভিতরে রয়েছে, চাল, আটা, ডাল, আলু, পিঁয়াজ, সেমাই, ময়দা, লবণ, চিনি ও দুধ। ইতোমধ্যে ৪০টি পরিবার এটি সংগ্রহ করেছে।

মেহেরপুর ভাবনার সমন্বয়ক রাতুল আহমেদ জানান, নিজেদের দায়িত্ববোধ থেকে সংগঠনের সকলে মিলে এ ধরনের উদ্যোগ নেয়া হয়। গরীবের মুখে হাসি ফোটানো সকলেরই উচিৎ। সংগঠনের সকলে মিলে যে কাজটি করা হচ্ছে এ ধরনের কাজ সমাজের বিত্তবানরা করলে সকলেই আনন্দে ঈদ কাটাতে পারতো। ছিন্নমূল ও গরীব অসহায়দের পাশে দাঁড়ানোর আহবান জানান তিনি।

এর আগে ৫ টাকায় ঈদ শপিংয়ের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন। এসময় উপস্থিত ছিলেন খুলনা

বিশ্ববিদ্যালয়ের আইন ডিসিপ্লিন বিভাগের সহকারী অধ্যাপক এহসান মজিদ মুস্তাফা, মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসক তারেক আহমেদসহ মেহেরপুর ভাবনার সকল সদস্যবৃন্দ।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র আয়োজনে ঈদ সামগ্রী উপহার বিতরণ

“এসো ভালো কাজে পাশে থাকি, সুষ্ঠু সমাজ গঠন করি” স্লোগানকে ধারণ করে “ওরা বন্ধু সংঘ, দামুড়হুদার আয়োজনে দামুড়হুদা উপজেলা সদরে বিভিন্ন গ্রামের প্রায় অর্ধশত বিধবা অসহায়, প্রতিবন্ধী, দরিদ্র পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী সেমাই, সুজি, চিনি, বাদাম-কিসমিস, তেজপাতা, মশলা, লবন, পেঁয়াজ, শ্যাম্পু, হুইল পাউডার, বিতরণ করা হয়েছে।

গতকাল বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় দামুড়াহুদা ব্রিজ রোডস্থ প্রতিষ্ঠানটির অস্থায়ী কার্যালয়ে ওই ঈদ উপহার সামগ্রী বিতরণ ও শুভেচ্ছা বিনিময় করা হয়।

“ওরা বন্ধু সংঘ’র প্রতিষ্ঠাতা সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন সংগঠনটির উপদেষ্টা, বাংলাদেশ জাতীয় শ্রমিকলীগের দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি হাজী আব্দুল কাদির। বিতরণ পূর্বে সংক্ষিপ্ত বক্তব্যের শুরুতেই সংগঠনটির সংঙ্গে সংশ্লিষ্টদের প্রশংসা ও কল্যাণ কামনা করেন।

তিনি বলেন, দীর্ঘদিন যাবত দেখে আসছি সংগঠন ক্ষুদ্র পরিসরে হলেও অসহায়, বিধবা, প্রতিবন্ধী সহ আমাদের আশপাশের অসহায় মানুষের পাশে দাড়িয়ে আসছেন। যা অত্যন্ত ভালো কাজ, যা সবাই পারেন না। উপকার ভোগীদের উদ্দেশ্য তিনি বলেন, আপনারা সকলেই প্রতিষ্ঠানটির জন্য দোয়া করবেন। আমি নিজেও প্রতিষ্ঠানটির সাফল্য লাভ করছি, পাশাপাশি আমি সর্বত্র সংগঠনটির পাশে থাকব ইনশাআল্লাহ।

“ওরা বন্ধু সংঘ’র উপদেষ্টা শিক্ষক সাংবাদিক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বণিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, ওরা বন্ধ সংঘ’র সমাজ কল্যান বিষয়ক সম্পাদক সংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ প্রমূখ।

মেহেরপুরে শ্রমজীবী মানুষের মাঝে শুভসংঘের ইফতার বিতরণ

বসুন্ধরা-শুভসংঘ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে শহরের শ্রমজীবী মানুষ রিক্সাচালক, ভ্যান চালকদের মাঝে ইফতার বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর শহরের মল্লিকপড়া মোড়ে পথচলতি শ্রমজীবী মানুষের এ ইফতার তুলেন দেন শুভ সংঘের সদস্যরা।

ইফতার বিতরণকালে কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, শুভ সংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রভাষক (অব.) নুরুল ইসলাম, সহসভাপতি বশির আহমেদ, রফিকুল ইসলাম বকুল, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সাংগঠনিক সম্পাদক নাফিউল ইসলাম, কোষ্যধাক্ষ তানজিম হোসেন, সাব্বির আহমেদ, সদস্য ওবায়দুল্লাহ, হাফিজ খান রুদ্র, হাসানুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন। শহরের শতাধিক শ্রমজীবী মানুষের মাঝে ইফতার বিতরণ করা হয়।

এসময় শুভসংঘের সভাপতি নুরুল ইসলাম বলেন, আর্ত মানবতার সেবায় বসুন্ধরা শুভ সংঘ কাজ করে যাচ্ছে। তারই অংশ হিসেবে শ্রমজীবী মানুষের মাঝে ইফতার বিতরণ করা হলো। এ ধরণের মানব কল্যানমুখী কাজ করায় শুভসংঘের মূল ব্রত।

আলমডাঙ্গায় ওয়েলফেয়ার সোসাইটি উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গা উপজেলা গ্রাম্য চিকিৎসক (আরএমপি) ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা স্টেশনপাড়ায় আজ শুক্রবার এই ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় গ্রাম্য চিকিৎসক(আর এম পি) ওয়েলফেয়ার সোসাইটির আলমডাঙ্গা শাখার সভাপতি জিনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতির সভাপতি আকবার আলি আকু।তিনি বলেন সারা বাংলাদেশে বিশ লক্ষ গ্রাম্য চিকিৎসকরা এক ছাতার তলে সংগঠিত হওয়ার লক্ষে কেন্দ্রীয় কমিটি নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। সেই আলোকে চুয়াডাঙ্গা জেলা কমিটি সহ আলমডাঙ্গা তে আহব্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গ্রাম্য চিকিৎসকদের আত্মসম্মানের সহিত তাদের সেবামূলক কর্ম নির্বিঘ্নে করতে দিতে হবে।

বিশেষ অতিথি ছিলেন ডা: কে এন করিম,কাজী সজীব,রাকিবুল ইসলাম খানা,আবু জাফর,সহিদুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোসারেফ হোসেন, এ কে আজাদ পাপ্পু, ইমন হোসেন, সামাদ আলি, আরাফাত রুদ্র রেজাউল করিম, মোস্তাফিজুর রহমান, বাইজেন, সাইন আলি, ডালিম হোসেন, হালিম হোসেন, লিয়াকত আলি, শেফাতুল্লা প্রমুখ।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া

অনুষ্ঠিত

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দর্শনা সরকারী কলেজের একাডেমী ভবনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা সরকারী কলেজের প্রয়াত প্রতিষ্ঠাতা শিক্ষক-সহপাটি বন্ধুদের রূহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়েছে। দর্শনা কাষ্টমস্ কলনী জামে মসজিদের পেশ ঈমাম দোয়া পরিচালনা করেন।

ইফতার মাহফিলে অতিথি হিসাবে উপস্থিত বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগারের পরিচালক আবু সফিয়ান।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে আব্দুস সামাদ আজাদ বিপু বলেন, আমরা দর্শনা সরকারী কলেজের ব্যাচের অনেক বন্ধুকে হারিয়েছি, আমাদের প্রিয় শিক্ষকদের হারিয়েছি। তাদের মাগফেরাত কামনা এবং সকল বন্ধু সময়ের প্রয়োজনে একত্রিত হতে একে অপরের চলার পথে খোজ খবর রাখা। অসহায় বন্ধুদের পাশে দাড়িঁয়ে সহযোগিতা করা আমাদের এসব অনুষ্ঠানের আয়োজন।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখেন, আব্দুল হাকিম, আজিজুল হক, সালাউদ্দিন কাজল, ইমতিয়াজ হোসেন, কচি, এটিএম খান রান, সরোজিৎ, আব্দুর রাজ্জাক প্রমুখ।

দামুড়হুদায় বন্ধুত্বের বন্ধন সংগঠনের পক্ষে থেকে ঈদ সামগ্রী বিতরণ

দামুড়হুদায় বন্ধুত্বের বন্ধন এসোসিয়েশন’র পক্ষ থেকে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল

প্রাঙ্গনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের এসএসসি ৯২ ব্যাচের আয়োজনে সংগঠনটির সভাপতি যুবলীগনেতা আব্দুল হালিম ভুট্টুর সভাপতিত্বে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রোকসানা মিতা।

সংগঠনের সদস্য সচিব এনটিভির সাংবাদিক মো: নাসির উদ্দীনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো নজরুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী প্রমূখ। আগামী পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দামুড়হুদা উপজেলার বিভিন্ন গ্রামের ১২০ জন নারী, পুরুষকে ঈদ সামগ্রী ও ৯২ এসএসসি ব্যাচের ১০জনের পরিবারকে নগদ অর্থ সহায়তা দেয়া হয়। অনুষ্ঠানে সহযোগিতা করেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের ৯২ এসএসসি ব্যাচের আব্দুল খালেক, আব্দুল মোমিন, একরামুল হক, মাহাফুজুর রহমান বেল্টু, আশাদুর রহমান বাদশা, নাসির উদ্দীন, দৈনিক মাথাভাঙ্গার সিনিয়র সাংবাদিক তাছির আহমেদ ও শফিকুল ইসলাম কেবলা প্রমুখ।

চুয়াডাঙ্গায় ড্রাইভিং ও কম্পিউটার প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থা উদ্যোগে ড্রাইভিং ও কম্পিউটার প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল তিনটার সময় চুয়াডাঙ্গায় শহরের একাডেমি মোড় সারা ভবনে বহুমুখী মানব কল্যান সংস্থার কার্যালয়ে সার্টিফিকেট বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

সমাজ সেবা অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাফুজুর রহমান মঞ্জু। এ সময় তিনি বলেন, বাংলাদেশ

চর্যাপদ কুষ্টিয়ার আয়োজনে ইফতার মাহফিল ও আলোচনা সভা

চর্যাপদ কুষ্টিয়ার আয়োজনে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম।

এসময় তিনি বলেন, সাংস্কৃতিক চর্চা বেগবান করতে কাজ করতে হবে। এই কুষ্টিয়া যখন নদীয়া জেলা ছিলো তারও আগ থেকে এই কুষ্টিয়ায় সাংস্কৃতিক চর্চা হতো, সেই ধারা অব্যাহত রাখতে হবে।

তিনি বলেন, কুষ্টিয়ায় একসময় অনেক সংগঠন ছিল। কিন্তু পৃষ্ঠপোষকতার অভাবে ঝিমিয়ে পড়েছে এসব সংগঠন। কুষ্টিয়ায় অনেক শিল্পপতি রয়েছে তাদের এগিয়ে আসার আহবান জানান তিনি।

চর্যাপদ কুষ্টিয়ার সংগঠন তাদের চর্চা অব্যহত রাখায় ধন্যবাদ জানিয়ে তিনি আরও বলেন, সাংস্কৃতিক কর্মকান্ডের পাশাপাশি আবৃত্তি চর্চাও নিয়মিত করতে পারি তাহলে সাংস্কৃতিক কর্মীরাও তাদের মননশীলতাকে জাগ্রত করে তুলবে।

অন্যান্য জেলা আমাদের এই কুষ্টিয়ার সাংস্কৃতিক অনুষ্ঠান করতে গেলে তারা মন্ত্র মুগ্ধ হয়ে শোনেন। কারন কুষ্টিয়ার ভাষা নাকি অনেক সুন্দর। এছাড়াও সাংস্কৃতিক অঙ্গনের এ জেলা থেকে উঠে এসেছে অনেক প্রতিভাবান সাংস্কৃতিক কর্মী।

চর্যাপদ কুষ্টিয়ার সভাপতি আনোয়ার কবির বকুলের সভাপতিত্বে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা ও জেলা কালচারাল অফিসার সুজন রহমান, খলিলুর রহমান মজু, শেখ আক্তার হোসেন, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) মীর আতিক আহমেদ, দপ্তর সম্পাদক প্লাবন দে রুদ্র, সাংগঠনিক সম্পাদক ফয়সাল হোক, জাহিদুল ইসলাম রনি সহ অন্যান্যরা।

আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে আসন্ন ঈদুল ফিতর ও পবিত্র মাহে রমজানকে সামনে রেখে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে। আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে এ মতবিনিময় সভায় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া।

প্রধান অতিথির বক্তব্যে শেখ গনি মিয়া বলেন, মুসলিম সম্প্রদায়ের সবচাইতে বড় ধর্মীয় উৎসব হলো ঈদুল ফিতর ও মাহে রমজান। এই উৎসবকে সামনে রেখে এক শ্রেণীর চোর চক্র ব্যবসায়িদের নানা ভাবে হয়রানি করে,তারা আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটাতে চেষ্টা চালিয়ে যাচ্ছে।আপনারা আমাদের সহায়তা করলে তাদের ধরতে আমরা বদ্ধ পরিকর।তবে সিসি ক্যামেরা গুলি সচল করে দিতে হবে,কারণ সিসি ক্যামেরা সচল থাকলে অপরাধীদের চিহ্নিত করতে সহায়ক হয়।

অনুষ্ঠানে অন্য বক্তাগণ বলেন, মাদক সেবীদের অত্যাচারে সমাজ অতিষ্ট হয়ে পড়েছে।মাদকের কারণে আইন শৃঙ্খলা পরিস্থিতি নাজুক হওয়ার সম্ভবনা রয়েছে।তাই মাদক বন্ধে ওসি সাহেবকে কার্যকর ভুমিকা রাখতে অনুরোধ করেন ব্যবসায়ীরা ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসবে উপস্থিত ছিলেন বণিক সমিতির সাবেক সভাপতি হাজী রফিক মিয়া, মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন। বণিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুনের উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি আব্দুল কুদ্দুস,

হোটেল মালিক সমিতি সভাপতি আনোয়ার হোসেন, সভাপতি গার্মেন্টস মালিক সমিতি বাবলু মিয়া, সম্পাদক রিপণ মিয়া, মটর সাইকেল মেকানিক সমিতির সভাপতি রুহুল উদ্দিন, কাঠব্যবসায়ি সমিতির সভাপতি আসাদুল হক ডিটো, সম্পাদক দেলোয়ার হোসেন, কাঁচা বাজার মালিক সমিতি সভাপতি ইমরুল কায়েস। বণিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, সাংগাঠনিক সম্পাদক আমিনুল ইসলাম বাবলু, সদস্য হামিদুল ইসলাম, জয়নাল ক্যাপ, তোতা মিয়া, রতন জমিদার, জসিম উদ্দিন, সিরাজুল ইসলাম প্রমুখ।

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে ইফতার মাহফিল

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (২৩শে মার্চ) পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন পোস্ট অফিস রোডে ফেসবুক ভিত্তিক সামাজিক গ্রুপ বাড়ি মেহেরপুরের প্রধান কার্যালয়ে ইফতার মাহফিলের আয়োজন করা।

বাড়ি মেহেরপুর গ্রুপের প্রধান এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামানের সহযোগিতায় ইফতার মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুরের এডমিন মোহাম্মদ রিনু, এডমিন আসাদুজ্জামান খান রাজ, মডারেটর মোঃ মাবুদ সহ বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের বিভিন্ন সদস্যরা উপস্থিত ছিলেন।